University of Dhaka

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ

আই.ই.আর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
ফোন ঃ ৯৬৬১৯২০-৭৩/ ৪৬৬০, ৪৬৬১, ৪৬৬২
Website: ulabscdu.edu.bd ; E-mail: ulabsc@gmail.com

কলেজ কোড-১২০১
স্কুল কোড-১১৯০
EIIN-১০৮৩৬২

সূত্র ঃ ইউ. ল্যাব/২০২৬/২২০

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

২০২৭ শিক্ষাবর্ষে বাংলা ও ইংরেজি মাধ্যমে বিভিন্ন শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

১. **ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে ২০২৭ শিক্ষাবর্ষে নিম্নলিখিত শ্রেণিতে ভর্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।**

(ক) বাংলা মাধ্যম, প্রভাতি (Morning)

ক্লাস শুরুর সময়: সকাল ৮.১০ মিনিট

শ্রেণি	আসন সংখ্যা	৩১/১২/২০২৬ তারিখে বয়স সীমা নিম্নরূপ হতে হবে
কে.জি	অভ্যন্তরীণ (Internal)-৫০টি বহিরাগত (External)-৩০টি	৫ বছর বা ৫ বছরের বেশি থেকে ৬ বছর বা ৬ বছরের কম।
প্রথম	৪০টি	৬ বছর বা ৬ বছরের বেশি থেকে ৭ বছর বা ৭ বছরের কম।
দ্বিতীয়	১৪টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
তৃতীয়	১৫টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
চতুর্থ	১০টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
পঞ্চম	১১টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
ষষ্ঠ	১৫টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
সপ্তম	০৯টি	২০২৫/২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে বোর্ড রেজিস্ট্রেশনকৃত হতে হবে।
অষ্টম	১৩টি	২০২৪/২০২৫ সালে ৬ষ্ঠ শ্রেণিতে বোর্ড রেজিস্ট্রেশনকৃত হতে হবে
নবম	০৮টি	২০২৬ সালে ৮ম শ্রেণিতে অথবা ২০২৩/২০২৪ সালে ৬ষ্ঠ শ্রেণিতে বোর্ড রেজিস্ট্রেশনকৃত হতে হবে

(খ) ইংরেজি ভার্সন, প্রভাতি (Morning)

ক্লাস শুরুর সময়: সকাল ৮.১০ মিনিট

শ্রেণি	আসন সংখ্যা	৩১/১২/২০২৬ তারিখে বয়স সীমা নিম্নরূপ হতে হবে
কে.জি	৫০টি	৫ বছর বা ৫ বছরের বেশি থেকে ৬ বছর বা ৬ বছরের কম।
প্রথম	১৪টি	৬ বছর বা ৬ বছরের বেশি থেকে ৭ বছর বা ৭ বছরের কম।
দ্বিতীয়	০৫টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
তৃতীয়	০৫টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
চতুর্থ	০৫টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
পঞ্চম	১৩টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
ষষ্ঠ	১১টি	সরকারি নীতিমালা অনুযায়ী বয়স থাকতে হবে।
সপ্তম	১৩টি	২০২৫/২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে বোর্ড রেজিস্ট্রেশনকৃত হতে হবে।
অষ্টম	১৫টি	২০২৪/২০২৫ সালে ৬ষ্ঠ শ্রেণিতে বোর্ড রেজিস্ট্রেশনকৃত হতে হবে
নবম	১২টি	২০২৬ সালে ৮ম শ্রেণিতে অথবা ২০২৩/২০২৪ সালে ৬ষ্ঠ শ্রেণিতে বোর্ড রেজিস্ট্রেশনকৃত হতে হবে

২. **অনলাইনে আবেদনের সময় ঃ ২০ নভেম্বর ২০২৬ তারিখ (১৯/১১/২০২৬ ও ২০/১১/২০২৬ এই দুই দিন ভর্তির আবেদন করার সময় বর্ধিত করা হলো) রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত online এ ভর্তির আবেদন করা যাবে। আবেদন ফরম পূরণের জন্য online address: www.ulabscdu.edu.bd-এ ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ও বিজ্ঞপ্তি পাওয়া যাবে।**

৩. **কে.জি ও প্রথম শ্রেণিতে বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমে আবেদন করতে পারবে।** তবে **কোন শিক্ষার্থী একাধিক ক্লাসের জন্য ভর্তির আবেদন করে নির্বাচিত হলেও আবেদন বাতিল হবে।**

৪. অনলাইনে আবেদনের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী প্রার্থীর জন্ম তারিখ, পূর্ণ নাম এবং **NID** অনুযায়ী পিতা-মাতার পূর্ণ নাম উল্লেখ করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থী বা তার পিতা-মাতার নাম/নামের কোন অংশ পরবর্তী সময়ে কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।

৫. প্রার্থীর সদ্য তোলা Passport size ছবি ও অভিভাবকের ছবি আবেদনপত্রের সাথে online-এ upload করতে হবে।

৬. **অভিভাবকবৃন্দকে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী online এ ফরম পূরণ করতে হবে।** কেবলমাত্র নির্ভুল এবং সম্পূর্ণ পূরণকৃত ফরম গ্রহণযোগ্য হবে।

৭. **ভর্তির আবেদনপত্রের মূল্য: অনলাইনে আবেদন ফি-২৫০ টাকা + সার্ভিস চার্জ বাবদ-২০ টাকা ফর্মে উল্লিখিত Online Payment Gateway-এর মাধ্যমে প্রদান করতে হবে।**

৮. কেজি ও প্রথম শ্রেণি (উভয় মাধ্যম)-এর অনলাইনে পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে তার সাথে নিম্নলিখিত কাগজপত্র ২১/১১/২০২৬ তারিখ দুপুর ১:৩০ মিনিট এর মধ্যে প্রতিষ্ঠানের অভ্যন্তরের নির্ধারিত বক্সে জমা দিতে হবে।

ক) পূরণকৃত আবেদন ফর্মের প্রিন্ট-০১ কপি

খ) শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি-০১টি

গ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের ফটোকপি-০১টি

ঘ) ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের নিম্নলিখিত প্রমাণপত্র জমা দিতে হবে:

i) আবেদনকারীর অভিভাবক যদি বাড়ির মালিক হয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ বিল/পানির বিল/টেলিফোন বিল/হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদের ফটোকপি।

ii) আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে বাড়ি ভাড়ার চুক্তিপত্র বা ভাড়া পরিশোধের রশিদের ফটোকপি-০১টি

iii) আবেদনকারীর অভিভাবক যদি সরকারি বরাদ্দকৃত বাসায় বসবাস করেন, সেক্ষেত্রে নিজ নামে এলোটমেন্ট পেপারের ফটোকপি-০১টি

ঙ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্রের ফটোকপি জমা দিতে হবে।

চ) ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে অধ্যয়নরত সহোদরের ক্ষেত্রে আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

ছ) যমজ আবেদনকারীর ক্ষেত্রে পিতা/মাতা স্বাক্ষরিত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে।

৯. ক) কেজি ও প্রথম শ্রেণি (উভয় মাধ্যম)-এর সাক্ষাৎকারের সময় জমাকৃত সকল ডকুমেন্টের মূল কপিসহ পিতা ও মাতাকে অবশ্যই প্রার্থীর সাথে উপস্থিত থাকতে হবে।

খ) লটারিতে চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা বিদ্যালয়ের নোটিশবোর্ড ও ওয়েবসাইটের মাধ্যমে যথাসময়ে প্রকাশ করা হবে।

গ) চাহিদা মোতাবেক কাগজপত্র সরবরাহ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। এছাড়া আবেদন ফর্মে কোটার ঘরে সঠিকভাবে কোটা সিলেক্ট না করলে এবং কোটার অনুকূলে ডকুমেন্ট সাবমিট না করলে কোটার সুবিধা প্রাপ্য হবে না।

১০. দ্বিতীয় থেকে নবম শ্রেণির ইংরেজি ভার্সনে আবেদনকারী অবশ্যই **পূর্ববর্তী শ্রেণিতে ইংরেজি ভার্সনের শিক্ষার্থী হতে হবে** এবং **ভর্তিকৃত শিক্ষার্থী পরবর্তীকালে ভার্সন পরিবর্তন করতে পারবে না।**

১১. আবেদনকারীর কোন তথ্য ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করা হবে।

১২. আবেদন ফর্ম ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ২১/১১/২০২৬ তারিখ পর্যন্ত প্রতিষ্ঠানের ওয়েবসাইট **www.ulabscdu.edu.bd** থেকে ডাউনলোড করে **A4** সাইজের অফসেট পেপারে ফরমের কালার প্রিন্ট কপি এবং প্রবেশপত্রের কালার প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে। ভর্তির সময় অন্যান্য কাগজপত্রের সাথে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।

১৩. কেজি ও প্রথম শ্রেণির সাক্ষাৎকারের সময়সূচি:

ক) প্রথম শ্রেণি (বাংলা মাধ্যম ও ইংরেজি মাধ্যম)- তারিখ: ২৭/১১/২০২৬ (শুক্রবার) সময়: সকাল ৮:৩০ থেকে দুপুর ১২:০০টা

খ) কেজি শ্রেণি (বাংলা মাধ্যম- অভ্যন্তরীণ)-তারিখ: ২৮/১১/২০২৬ (শনিবার) সময়: সকাল ৯:০০ থেকে সকাল ১০:০০টা

গ) কেজি শ্রেণি (বাংলা মাধ্যম-বহিরাগত) এবং কেজি শ্রেণি (ইংরেজি মাধ্যম)-তারিখ: ২৮/১১/২০২৬ (শনিবার) সময়: সকাল ১০:৩০ থেকে দুপুর ১:০০টা

১৪. ক) কেজি ও প্রথম শ্রেণি (উভয় মাধ্যম)-এর ভর্তির লটারির ড্র ০৫/১২/২০২৬ তারিখ (শনিবার) নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

কে.জি শ্রেণি, বাংলা মাধ্যম (অভ্যন্তরীণ)	--- সময়: সকাল ০৯:০০ মিনিট —— সকাল ১০:০০ মি. পর্যন্ত
কে.জি শ্রেণি, বাংলা মাধ্যম (বহিরাগত)	--- সময়: সকাল ১০:১৫ মিনিট —— সকাল ১১:০০ মি. পর্যন্ত
কে.জি শ্রেণি (ইংরেজি মাধ্যম)	--- সময়: সকাল ১১:১৫ মিনিট —— দুপুর ১২:১৫ মি. পর্যন্ত
প্রথম শ্রেণি (বাংলা মাধ্যম)	--- সময়: দুপুর ১২:১৫ মিনিট —— দুপুর ১:০০ মি. পর্যন্ত
প্রথম শ্রেণি (ইংরেজি মাধ্যম)	--- সময়: দুপুর ১:০০ মিনিট —— দুপুর ১:৩০ মি. পর্যন্ত

খ) দ্বিতীয় থেকে নবম শ্রেণি (উভয় মাধ্যম)-এর ভর্তির লিখিত পরীক্ষার তারিখ, সময়, বার, পরীক্ষার বিষয় ও মানবন্টন নিম্নরূপ:

তারিখ ও সময়	শ্রেণি	পরীক্ষার বিষয়	মানবন্টন
১২/১২/২০২৬ (শনিবার) ৯:০০-১১:০০ (২ ঘণ্টা)	চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম	বাংলা ইংরেজি গণিত	৩০ ৩০ ৪০
		মোট	১০০
১২/১২/২০২৬ (শনিবার) ১২:০০-১:০০ (১ ঘণ্টা)	দ্বিতীয় ও তৃতীয়	বাংলা ইংরেজি গণিত	১৫ ১৫ ২০
		মোট	৫০

বি.দ্র: উপরিউক্ত শর্তাবলি কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সংযোজন ও বিয়োজন করতে পারবে।

18-11-2026.

(মো: জামিল উদ্দীন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ

আই.ই.আর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
ফোন ঃ ৯৬৬১৯২০-৭৩/ ৪৬৬০, ৪৬৬১, ৪৬৬২
Website: ulabscdu.edu.bd ; E-mail: ulabsc@gmail.com

কলেজ কোড-১২০১
স্কুল কোড-১১৯০
EIIN-১০৮৩৬২

সূত্র ঃ ইউ. ল্যাব/২০২৬/২২০

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বিষয়: ২০২৭ শিক্ষাবর্ষে বাংলা ও ইংরেজি মাধ্যমে বিভিন্ন শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ক্যাচমেন্ট এরিয়া নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। নিম্নলিখিত এলাকাসমূহ ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের ক্যাচমেন্ট এরিয়ার অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।

ক) ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা
খ) বুয়েট ক্যাম্পাস
গ) ঢাকা মেডিকেল কলেজ আবাসিক এলাকা
ঘ) জাতীয় জাদুঘর আবাসিক এলাকা/পাবলিক লাইব্রেরি আবাসিক এলাকা
ঙ) বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকা
চ) চাঁনখারপুল, নাজিম উদ্দিন রোড, বকশি বাজার, লালবাগ (লালবাগ কেল্লার উত্তর পাশ পর্যন্ত)
ছ) নীলক্ষেত আবাসিক এলাকা, কাঁটাবন আবাসিক এলাকা, নিউ এলিফ্যান্ট রোড, ধানমন্ডি ৪ নং পর্যন্ত, মিন্টু রোড
জ) পলাশী আবাসিক এলাকা
ঝ) আজিমপুর এলাকা (ইডেন কলেজ আবাসিক এলাকা, গার্হস্থ্য অর্থনীতি কলেজ আবাসিক এলাকা, আজিমপুর রোডসংলগ্ন আজিমপুর সরকারি কলোনী, চায়না বিল্ডিং গলি)

- সংশ্লিষ্ট কোটার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি আবেদন ফর্মের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে এবং ভর্তির সময় মূল কপি সঙ্গে আনতে হবে।

18-11-2026.
(মো: জামিল উদ্দীন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ